বাঙলা প্রতিদিন

সোমবার ৩ অক্টোবর, ২০২২ /

নিজস্ব প্রতিবেদক, বাঙলা প্রতিদিন : *বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) মূল্যায়নে ১৬ ধাপ এগিয়েছে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)। দেশের ৪৬টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে বাউবি'র অবস্থান বর্তমানে চতুর্থ।গতবার যা ছিল ২০ তম। ইউজিসির সচিব ড. ফেরদৌস জামান স্বাক্ষরিত এক পত্রে এ তথ্য জানানো হয়।*

মন্ত্রী পরিষদ বিভাগ এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক নির্ধারিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় কৌশলগত উদ্দেশ্যসমূহ; জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা; ই-গভন্যান্স উদ্ভাবন; অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সেবা প্রদান প্রতিশ্রুতি ও তথ্য অধিকার কর্মপরিকল্পনা সম্পর্কিত বিষয়ে প্রাপ্ত সার্বিক স্কোর ১০০-তে বাউবি ৯০.৪৯ পেয়ে চতুর্থ স্থান অর্জন করেছে।

এপিএ মূল্যায়নে প্রথম স্থানে রয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (৯৯.৪৭), দ্বিতীয় ও তৃতীয় শীর্ষস্থান অর্জন করেছে যথাক্রমে ঢাকা বিশ্ববিদ্যালয় (৯৪.৪৮) এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় (৯৩.৭৫)।

বাউবি'র এ অভূতপূর্ব সাফল্যে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন, ''পুরস্কার সব সময়ই আনন্দ ও সম্মানের। বাউবি এখন শুধু জেলা উপজেলা বা দূর্গম অঞ্চলে নয় বরং পুরো বিশ্বে ছড়িয়ে থাকা বাঙালি রেমিটেন্স যোদ্ধাসহ প্রবাসে অবস্থানরত সকল বাংলাদেশি নাগরিকের শিক্ষার সুযোগ দানে কাজ করে যাচ্ছে। ৩০ বছরের পথ চলায় বাউবি আজ ভার্চুয়াল বিশ্ববিদ্যালয়ের দাঁড়প্রান্তে।

অসংখ্য প্রতিকূলতার সাথে লড়াই করে এগিয়ে চলেছে বাউবি। আজকে ইউজিসির এপিএ মূল্যায়ন আমাদের দায়িত্ব ও কর্মগতি কয়েকগুণ বাড়িয়ে দিলো। তিনি আরো বলেন, ''বছরের প্রথমে ইউজিসি নিজেদের পরিকল্পনাগুলো উল্লেখের মাধ্যমে লক্ষ্য নির্ধারণের ছক দেয় আমাদের। বছর শেষে এ লক্ষ্যে কতটুকু পৌঁছাতে পেরেছি, তা এপিএ মূল্যায়ন করে রবিবার র‍্যাংকিংয়ের মধ্য দিয়ে প্রকাশ করলো ইউজিসি।

আমরা ২০তম থেকে চতুর্থ স্থানে আসতে সক্ষম হয়েছি। বাউবি'র অসামান্য এ অর্জন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী সকলের আন্তরিক প্রচেষ্টা ও সর্বাত্মক সহযোগিতার ফসল। এজন্য সকলকে জানাই ধন্যবাদ ও অভিনন্দন। আগামী দিনগুলোতেও বাউবি'র এ আন্তরিক প্রচেষ্টা অব্যাহত থাকবে বলে আমি দৃঢ় আশাবাদ ব্যক্ত করি।''

উল্লেখ্য, সরকারি দপ্তর-সংস্থা ও প্রতিষ্ঠানের দক্ষতা ও দায়বদ্ধতা বাড়ানোর লক্ষ্যে ২০১৪-১৫ অর্থবছরে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) প্রবর্তন করা হয়।

Please Share This Post in Your Social Media

(http://www.facebook.com/sharer.php?

ব্রেকিং নিউজ :